

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩২২

৩৯/ সংসারের প্রতি অনাসক্তি (ﷺ আل کتاب الزهد عن رسول الله) পরিচ্ছেদঃ কম কথা বলা।

باب فِي قِلَّةِ الْكَلاَمِ

আরবী

حَدَّثَنَا هَنَادٌ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو، حَدَّثَنِي أَبِي، عَنْ جَدِّي، قَالَ سَمِعْتُ بِلاَلَ بْنَ الْحَارِثِ الْمُزَنِيَّ، صَاحِبَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " إِنَّ أَحَدَكُمْ لَيَتَكَلَّمُ بِالْكَلِمَةِ مِنْ رِضْوَانِ اللَّهِ مَا يَظُنُّ أَنْ تَبْلُغَ مَا بَلَغَتْ فَيَكْتُبُ اللَّهُ لَهُ بِهَا رِضْوَانَهُ إِلَى يَوْمِ يَلْقَاهُ وَإِنَّ أَحَدَكُمْ لَيَتَكَلَّمُ يَظُنُّ أَنْ تَبْلُغَ مَا بَلَغَتْ فَيَكْتُبُ اللَّهُ عَلَيْهِ بِهَا سَخَطَهُ إِلَى يَوْمِ بِللْكَلِمَةِ مِنْ سَخَطِ اللَّهِ مَا يَظُنُّ أَنْ تَبْلُغَ مَا بَلَغَتْ فَيَكْتُبُ اللَّهُ عَلَيْهِ بِهَا سَخَطَهُ إِلَى يَوْمِ بِللْكَلِمَةِ مِنْ سَخَطِ اللَّهِ مَا يَظُنُّ أَنْ تَبْلُغَ مَا بَلَغَتْ فَيَكْتُبُ اللَّهُ عَلَيْهِ بِهَا سَخَطَهُ إِلَى يَوْمِ بِالْكَلِمَةِ مِنْ سَخَطِ اللَّهِ مَا يَظُنُّ أَنْ تَبْلُغَ مَا بَلَغَتْ فَيَكْتُبُ اللَّهُ عَلَيْهِ بِهَا سَخَطَهُ إِلَى يَوْمِ يَلْقَاهُ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ أُمِّ حَبِيبَةَ . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهَكَذَا رَوَاهُ غَيْرُ وَاحِدٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍ و عَنْ أَبِيهِ عَنْ جَدِهِ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍ و عَنْ أَبِيهِ عَنْ جَدِه عَنْ مُحَمَّد بْنِ عَمْرٍ و عَنْ أَبِيهِ عَنْ جَدِه عَنْ اللَّهُ عَنْ مُحَمَّد بْنِ عَمْرٍ و عَنْ أَبِيهِ عَنْ بَلِال ِ بْنِ الْحَارِثِ . وَرَوَى هَذَا الْحَديثَ مَالِكٌ عَنْ مُحَمَّد بْنِ عَمْرٍ و عَنْ أَبِيهِ عَنْ جَدِهِ بُن الْحَارِثِ وَلَمْ يَذْكُرُ فِيهِ عَنْ جَدِّهِ .

বাংলা

২৩২২. হারাদ (রহঃ) বিলাল ইবন হারিছ মুযানী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, তোমাদের কেউ কখনো আল্লাহর সন্তুষ্টির এমন কোন কথা বলে থাকে যার সম্পর্কে সে ধারণাও করে না যে কোথায় গিয়ে তা পৌঁছবে অথচ এর কারণে আল্লাহ তাআলা তাঁর সঙ্গে সাক্ষাতের দিন (কিয়ামত) পর্যন্ত সময়ের জন্য ঐ ব্যক্তির পক্ষে তার সন্তুষ্টি লিপিবদ্ধ করে দেন। আবার তোমাদের কেউ আল্লাহর অসন্তুষ্টিজনক এমন কোন কথা বলে ফেলে যার সম্পর্কে সে ধারণাও করতে পারে না যে এর পরিণাম কোথায় গিয়ে পোঁছবে অথচ এর কারণে আল্লাহ তাআলা কিয়ামত পর্যন্ত অসন্তুষ্টি লিখে দেন। সহীহ, ইবনু মাজাহ ৩৯৬৯, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩১৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উম্মু হাবীবা রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদীস বর্ণিত আছে। হাদীসটি হাসান-সহীহ। মুহাম্মদ ইবন আমর (রহঃ)-এর বরাতে একাধিক রাবী অনুরূপ রিওয়ায়াত করেছেন। তারা এর সনদে মুহাম্মদ ইবন আমর-



তৎপিতা-তৎপিতামহ-বিলাল ইবনুল হারিছ রাদিয়াল্লাহু আনহু সূত্রের কথা বলেছেন। মালিক ইবন আনাস হাদীসটি মুহাম্মদ ইবন আমর-তৎপিতা-বিলাল ইবন হারিছ (রাঃ) সূত্রের উল্লেখ করেছেন। এতে তিনি ''তৎ পিতামহ'' কথাটির উল্লেখ করেননি।

English

Muhammed bin 'Amr narrated from his father, from his grandfather who said:

"I heard Bilal bin Al-Harith Al Muzani, the Companion of the Messenger of Allah (s.a.w) saying: "I heard the Messenger of Allah (s.a.w) saying: "Indeed one of you says a statement pleasing to Allah, not realizing that you have achieved what you have achieved. Then for it, Allah writes for him His pleasure until the Day of Meeting Him. And one of you says a statement angering Allah, not realizing that you have achieved what you have achieved. Then for it, Allah writes for him His anger until the Day of Meeting with Him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ বিলাল ইবন হারিস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন